

রেজিস্ট্রারের কার্যালয়  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/


তারিখ :

বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষের জন্য "রমিজ উদ্দিন মোল্লা স্মৃতি ট্রাস্ট" এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কিছু সংখ্যক ছাত্র/ছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফরমে (যাহা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে) সর্বশেষ পরীক্ষার সনদপত্র/গ্রেডশীটের সত্যায়িত কপিসহ আবেদনপত্র আগামী ২৫/০৯/২০১৪ ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা হচ্ছে।

শর্ত সমূহ :

- ০১) প্রার্থীকে অবশ্যই গরীব ও মেধাবী বাংলাদেশী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ০২) মঞ্জুরীকৃত বৃত্তির টাকা ০৬ (ছয়) মাস অন্তর অন্তর ০২ (দুই) কিস্তিতে প্রদান করা হবে।
- ০৩) পড়াশুনার সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে এই বৃত্তি প্রদান করা হবে।
- ০৪) প্রথম কিস্তির টাকা প্রদানের পরে ছাত্র/ছাত্রীদের পড়াশুনার সন্তোষ জনক অগ্রগতি সাপেক্ষে ২য় কিস্তির টাকা মঞ্জুর করা হবে।
- ০৫) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ট্রাস্টের যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।
- ০৬) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলার পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ০৭) এক শিক্ষা বর্ষের জন্য উক্ত বৃত্তি প্রদান করা হবে।
- ০৮) আবেদনপত্র, হল প্রভোস্ট, স্টুডেন্ট এ্যাডভাইজার ও বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে দাখিল করতে হবে।
- ০৯) বৃত্তি প্রদানের জন্য ট্রাস্টের নীতিমালা অনুযায়ী সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে।
- ১০) অন্য কোন উৎস থেকে যারা বার্ষিক ১০০০০/- (দশ হাজার) টাকা বা তার উর্দে বৃত্তি পায়, তাদের আবেদন করার প্রয়োজন নেই এবং অন্য উৎস থেকে বৃত্তি না পাওয়া প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। কোন ছাত্র/ছাত্রী অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বৃত্তির কথা গোপন করলে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা নিতে পারবেন।

  
(প্রফেসর ডঃ মোঃ আবুল বাশার)  
সভাপতি

রমিজ উদ্দিন মোল্লা স্মৃতি ট্রাস্টের বৃত্তি প্রদান কমিটি  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/ ২০০২ (২৬) তারিখ : ০২/০৯/১৪ ইং